# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ আসিফের দাদা একজন স্বনামধন্য বাংলা কথাসাহিত্যিক। সাহিত্য রচনার ক্ষেত্রে তিনি বাংলা ভাষায় বিভিন্ন ভাষার প্রভাব লক্ষ করেন। সম্প্রতি তার প্রকাশিত একটি রচনায় সুস্পষ্ট হয়ে উঠেছে যে, পাল রাজাদের পর বাংলার শাসন ক্ষমতা চলে গিয়েছিল বাইরের মানুষের হাতে।

ক. ফখরউদ্দিন মুবারক শাহ কত সালে বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন? ১

খ. আধুনিক শিক্ষার সংস্পর্শে এসে স্থানীয় মানুষের মধ্যে নতুন চেতনার স্ফূরণ ঘটে কেন? ২

গ. আসিফের দাদা বাংলায় সম্ভাব্য যেসব ভাষার প্রভাব লক্ষ করেছেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আসিফের দাদার সম্প্রতি প্রকাশিত রচনায় যে বিষয়টি সুস্পষ্ট হয়ে উঠেছে তার পক্ষে তোমার যুক্তিসহ মতামত দাও। ৪

২. ★ স্বাধীনতা ঘোষণার দুই সপ্তাহ আগে আমাদের নেতা যে বিশেষ বক্তৃতাদান করেন তা আমাদের যুদ্ধের প্রধান প্রেরণা। এ ভাষণের ব্যাপক ইতিবাচক প্রতিক্রিয়ার মহান মুক্তিযুদ্ধ সফলভাবে সম্পন্ন হয়। তার ভাষণের অন্যতম প্রতিক্রিয়া হলো বাঙালি নিধনযজ্ঞ। সূক্ষ্ম পরিকল্পনা মোতাবেক তারা বাঙালি হত্যাযজ্ঞ সুসম্পন্ন করে। ঢাকা শহরের চিত্র ছিলো সবচেয়ে ভয়াবহ।

ক. ১৯৭১ সালে জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যরা কোথায় শপথ গ্রহণ করেন? ১

খ. অপারেশন সার্চলাইট কীভাবে পরিচালনা করা হয়? ২

গ. উদ্দীপকে যে বিশেষ ভাষণের কথা বলা হয় তার গুরুত্ব ও প্রতিক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আমাদের এ মহান চেতনা ত্যাগ-তিতিক্ষা ছাড়া আমাদের দ্রুত বিজয় অর্জন সম্ভব হতো না'— বক্তব্যটির তাৎপর্য উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৩. ★ ফাহমিদ ও মাসুম সংস্কৃতি সম্পর্কে আলোচনা করছে। ফাহমিদ বলে, সাংস্কৃতিক সংমিশ্রণের মাধ্যমে সাংস্কৃতিক ব্যাপ্তি ঘটে। এ কথা শুনে মাসুম বলে, তথ্যপ্রযুক্তি উন্নয়নে গোটা বিশ্ব একটি বিশ্ব পল্লিতে রূপান্তরিত হয়েছে।

ক. সংস্কৃতিকে কয় ভাগে ভাগ করা হয়? ১

খ. কীভাবে সাংস্কৃতিক ও সামাজিক পরিবর্তন এবং উন্নয়ন সমন্বিতভাবে সমাজের উন্নয়ন ঘটায়? ২

গ. ফাহমিদা বর্ণিত সাংস্কৃতিক ব্যাপ্তি সম্পর্কে আলোচনা করো। ৩

ঘ. তথ্য প্রযুক্তি উন্নয়নে গোটা পৃথিবী একটি বিশ্ব পল্লিতে রূপান্তরিত হয়েছে— তুমি কী একমত? বিশ্লেষণ করো। ৪

৪. ▶ অনিক অষ্টম শ্রেণিতে পড়ে। তার ছোট ভাই ছোটনের বয়স ৮ বছর। অনিক তার ছোট ভাই সামাজিকীকরণের জন্য নানা ধরনের উপাদান ব্যবহার করে।


ক. অভিভাবন কী? ১

খ. সামাজিকীকরণের সমবয়সী বন্ধুর ভূমিকার বর্ণনা করো। ২

গ. অনিকের ছোট ভাই ছোটন কীভাবে সমাজবন্ধ মানুষ হিসেবে সামাজিক প্রকৃতি অর্জন করে? ৩

ঘ. ছোটন যে পদ্ধতিতে সামাজিক প্রকৃতি অর্জন করে তাছাড়া আর কোন ধরনের পদ্ধতি সামাজিকীকরণের উপাদান হিসেবে কাজ করে? ৪

৫. ★




ক. সামাজিকীকরণ কী? ১

খ. সামাজিকীকরণের মাধ্যম হিসেবে স্থানীয় সমাজ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. প্রদত্ত ছকের 'M' চিহ্নিত স্থানটি সামাজিকীকরণের মাধ্যমে হিসেবে কীভাবে আমাদের জীবনে প্রভাব ফেলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রদত্ত ছকের সামাজিকীকরণের মাধ্যমগুলোর মধ্যে 'N' চিহ্নিত স্থানের ভূমিকাই সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬. ▶ রুমানা যেকোনো বই হাতের কাছে পেলেই তা পড়ে। গতকাল সে তার বড় বোনের টেবিলে একটি অর্থনীতি বই দেখতে পায়। বইটিতে লেখা ছিল একটি দেশ। এ দেশটির আয়তনের তুলনায় জনসংখ্যা বেশি। কিন্তু দেশটিতে অর্থনৈতিক প্রবৃদ্ধির হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. GDP কী? ১
খ. মোট জাতীয় আয় ব্যাখ্যা করো। ২
গ. 'ক' দেশের মাথাপিছু আয় নির্ণয় পদ্ধতি আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকের 'ক' দেশের প্রবৃদ্ধির হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে— বিশ্লেষণ করো। ৪

৭. ▶ সাজিদের গ্রামটি ধলেশ্বরী নদীর তীরে অবস্থিত। সকালে খেলার মাঠে গিয়ে দেখলে নদী পানিতে পূর্ণ। কিন্তু বিকাল বেলায় গ্রামের লোকজনের ছোটাছুটি, গবাদিপশু ও মালামাল অন্যত্র নিয়ে যাওয়া, ফসল সংরক্ষণের ব্যাপক প্রস্তুতি দেখে সে বুঝল তাদেরও এখন গ্রাম ছেড়ে যেতে হবে। তার পরিবারের সদস্যরা সাজিদের দাদি ও তিন বছরের ছোট বোনকে নিয়ে বেশি চিন্তিত।

ক. গ্রিন হাউস গ্যাস কী? ১
খ. ভূমিধস কেন হয়? ২
গ. সাজিদের এলাকায় কোন দুর্যোগ দেখা দিয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত দুর্যোগ এলাকায় সাজিদের পরিবারের ওপর যে প্রভাব ফেলেছে তা বিশ্লেষণ করো। ৪

৮. ★




ক. সুনামি কী? ১
খ. দুর্যোগ কাকে বলে? ব্যাখ্যা করো। ২
গ. প্রদত্ত ছকে 'N' চিহ্নিত স্থান দ্বারা কোন ধরনের দুর্যোগকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রদত্ত ছকে 'N' এবং 'M' দুইটি স্থানের তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯.▶ মাথিন চাকমা, জবা সাহা, অরুণ এ তিন জন একসাথে রমনা বটমূলে পহেলা বৈশাখের অনুষ্ঠান দেখছিল। হঠাৎ তারা লক্ষ করল ছায়ানটের শিল্পীদের গান পরিবেশনের পর খাগড়াছড়ি থেকে আগত চার জন নৃত্যশিল্পী নৃত্য পরিবেশন করেছে। তাদের পরনে ছিল আঙ্গি ও থামি।

ক. চাকমাদের শ্রেষ্ঠ উৎসব কোনটি? ১

খ. 'মিউয়া' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চার জন নৃত্যশিল্পী কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিচয় বহন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বৈসাবি আর পহেলা বৈশাখ আজ একই বিন্দুতে মিলিত হয়েছে— উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. ★ জার্মান নাগরিক মি. হোবার্ট বাংলাদেশের নৃগোষ্ঠীদের সম্পর্কে একটি প্রতিবেদন তৈরির জন্য বাংলাদেশে এসেছেন। তিনি বাংলাদেশের নৃ-গোষ্ঠীদের সংস্কৃতির সাথে বাঙালি সংস্কৃতির সংমিশ্রণ গভীরভাবে পর্যবেক্ষণ করছেন।

ক. রাখাইনদের আদি বাস কোথায়? ১

খ. বাংলাদেশ কীভাবে একটি বহু সংস্কৃতির দেশে পরিণত হয়েছে? ২

গ. মি. হোবার্ট কীভাবে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা ও উৎসবের মধ্যে মিল খুঁজে পায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. হোবার্ট মনে করেন, অর্থনীতি, সংস্কৃতি ও রাজনৈতিক কর্মকাণ্ডের মধ্যে ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বাঙালিরা একে অপরের সান্নিধ্যে এসে নিজেদের পারস্পরিক সম্পর্ক আরও দৃঢ় করেছে- বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

১১. ★ রুবেল ও মাসুম দুজন সহপাঠী। তারা দুজন জাতিসংঘ সম্পর্কে আলোচনা করছিল। রুবেল বলে জাতিসংঘের এমন একটি সংস্থা রয়েছে যেটি আমাদের দেশে খাদ্য ও কৃষির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। মাসুম বলে এর একটি বিভাগ দেশে ও বিশ্বের জনসংখ্যা সম্পর্কিত জ্ঞানদানের পাশাপাশি এ বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে।

ক. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য? ১

খ. নিরাপত্তা পরিষদ বলতে কী বোঝ? ২

গ. রুবেল তার দেশের খাদ্য ও কৃষি উন্নয়নে যে সংস্থার কথা বলেছে যে সংস্থা সম্পর্কে আলোচনা করো। ৩

ঘ. দেশ ও বিশ্বের জনসংখ্যা সম্পর্কিত কার্যক্রমে মাসুমের বর্ণিত সংস্থার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কখন মুজিবনগর সরকার শপথ গ্রহণ করেন?
ক) ১০ই এপ্রিল ১৯৭১ খ) ১৭ই এপ্রিল ১৯৭১
গ) ১১ই এপ্রিল ১৯৭১ ঘ) ২০ই এপ্রিল ১৯৭১

২. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
ক) তাজউদ্দিন আহমদ
খ) এম মনসুর আলী
গ) এএইচ এম কামারুজ্জামান
ঘ) খন্দকার মোশতাক আহমদ

৩. ★ বাংলাদেশের মুক্তি সংগ্রামের ইতিহাসে কত সালের নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ?
ক) ১৯৫৪ খ) ১৯৭০
গ) ১৯৪৬ ঘ) ১৯৭৩

৪. ওয়েস্টফালিয়ার চুক্তি হয় কত সালে?
ক) ১৬৪৮ খ) ১৬৪৯
গ) ১৬৫০ ঘ) ১৬৫১

৫. ছিয়াত্তরের মন্বন্তরের সময় বাংলার জনসংখ্যা কত ছিল—
ক) ১ কোটি খ) ২ কোটি
গ) ৩ কোটি ঘ) ৪ কোটি

৬. ★ বঙ্গভঙ্গ আন্দোলনের ফলে বাঙালিদের মধ্যে পরিলক্ষিত হয়—
i. শিক্ষার প্রতি উদাসীনতা
ii. দেশপ্রেমের চেতনা
iii. রাজনৈতিক সচেতনতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. বাংলায় ইংরেজদের শাসন পর্বকে কোন যুগ হিসেবে অভিহিত করা হয়?
ক) পরাধীন যুগ খ) মধ্যযুগ
গ) ঔপনিবেশিক যুগ ঘ) আধুনিক যুগ

৮. ★ ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্য হলো—
i. দখলদার শক্তি চিরস্থায়ীভাবে শাসন প্রতিষ্ঠা করতে চায় না
ii. মূল উদ্দেশ্য নিজ দেশে সম্পদের প্রচার
iii. চিরস্থায়ীভাবে শাসন প্রতিষ্ঠা করতে চায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৯. 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম'- বঙ্গবন্ধুর এ উক্তির মাধ্যমে ফুটে উঠেছে—
i. বাংলার জনগণের মুক্তিরডাক
ii. বাংলার স্বাধীনতা অর্জনের আহ্বান
iii. পাকিস্তানিদের শাসন শোষণকে জোরদার করার ডাক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. বাবর ২৫ মার্চ রাতে তার বাবাকে কালো ব্যাজ পরতে দেখেছে। তিনি কোন ঘটনার প্রতি শোক প্রকাশের জন্য এই ব্যাজ পরেছেন?
ক) অপারেশন সার্চলাইট
খ) বসনিয়া হত্যাকাণ্ড
গ) হিরোসিমা নাগাসিকা হত্যাকাণ্ড
ঘ) নাৎসিদের ইহুদি নিধন

১১. কীভাবে সংস্কৃতি রূপ বদল করে?
ক) অন্য সংস্কৃতির প্রভাবে
খ) বিশ্বায়নের মাধ্যমে
গ) অন্য সংস্কৃতির সংস্পর্শে এসে
ঘ) সংস্কৃতির রূপ বদলযোগ্য নয়

১২. ★ কোনটি সংস্কৃতির বিচারে বিশেষভাবে গুরুত্বপূর্ণ?
ক) পোশাক খ) গীতবাদ্য
গ) সৃষ্টিশীল কাজ ঘ) ভাষা-সাহিত্য

১৩. ★ 'মুজিবনগর সরকারের কার্যকর্মকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়। এক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ক) সামরিক ও পররাষ্ট্র
খ) বেসরকারি ও স্বরাষ্ট্র
গ) সামরিক ও বেসামরিক
ঘ) পররাষ্ট্র ও স্বরাষ্ট্র

১৪. আমাদের দেশে কখন বাংলা গদ্য সাহিত্যের সূচনা হয়েছিল?
ক) ষোল শতকে খ) সতেরো শতকে
গ) আঠারো শতকে ঘ) উনিশ শতকে

১৫. আমাদের জাতীয় সংগিতের সুর কোন গানের সুর থেকে নেওয়া হয়েছে?
ক) পালাগান খ) বাউল
গ) মুর্শিদি ঘ) ভাটিয়ালি

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. কাজী নজরুল ইসলাম গানের ভুবনে বিশেষ স্থান অধিকার করেছেন—

i. আপন স্বাতন্ত্র্যে
ii. নিজ বৈচিত্র্যে
iii. সৃষ্টিশীল মননে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓦ ii ও iii
ⓖ i ও iii ⓓ i, ii ও iii

১৭. সৃষ্টিশীল কিছু কিছু কাজে একটি জাতির চিন্তাশক্তি ও সৃজনশীল প্রতিভার পরিচয় পাওয়া যায়, তাকে বলে—

i. চারুকলা
ii. শিল্পকলা
iii. ঐতিহ্য

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓦ ii ও iii
ⓖ i ও iii ⓓ i, ii ও iii

১৮. ★ সামাজিকীকরণ বলতে কোন বিষয়টি আয়ত্ত্ব করাকে বোঝায়?

ⓚ সমাজের নিয়ম কানুন
ⓦ রাষ্ট্রের নিয়মকানুন
ⓖ কুসংস্কার
ⓓ রাষ্ট্রীয় বিশ্বাস

১৯. স্থানীয় সমাজের অন্তর্ভুক্ত কোনটি?

ⓚ সাংস্কৃতিক সংঘ ⓦ সংবাদপত্র
ⓖ টেলিভিশন ⓓ চলচ্চিত্র

২০. ★ ইফার বয়স ৩ বছর। সে সামনে যা পায় তাই খেয়ে ফেলে। ইফা এ ধরনের কাজ কেন করে?

ⓚ অসচেতন বলে
ⓦ ক্ষুধার জন্য
ⓖ অসুস্থ বলে
ⓓ বাবা-মা মানা করেনি বলে

২১. মানুষের যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম কোনটি?

ⓚ অঙ্গভঙ্গি ⓦ ভাষা
ⓖ উচ্চারণ ⓓ বাচনভঙ্গী

২২. জিএনপি বলতে কী বোঝ?

ⓚ মোট প্রবৃদ্ধি
ⓦ মোট জাতীয় আয়
ⓖ মাথাপিছু আয়
ⓓ মোট জাতীয় উৎপাদন

২৩. কোনটি মোট দেশজ উৎপাদনের অন্তর্ভুক্ত নয়?

ⓚ শিল্প খাত ⓦ পরিবহন খাত
ⓖ রেমিটেন্স খাত ⓓ সেবাখাত

২৪. মোট জাতীয় উৎপাদনের অন্তর্ভুক্ত হলো—

i. কৃষকের কৃষি উৎপাদন
ii. প্রবাসীদের রেমিটেন্স
iii. চিকিৎসকদের চিকিৎসা সেবা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓦ ii ও iii
ⓖ i ও iii ⓓ i, ii ও iii

২৫. কোন গ্যাস পৃথিবীর চারপাশে চাদরের মতো একটি আচ্ছাদন তৈরি করেছে?

ⓚ কার্বন-ডাই অক্সাইড
ⓦ মিথেন
ⓖ নাইট্রোজেন
ⓓ গ্রিন হাউস

২৬. কোনটি ভূপৃষ্ঠের নিকটবর্তী স্তর?

ⓚ মেসোমন্ডল ⓦ তাপমন্ডল
ⓖ স্ট্রাটোমন্ডল ⓓ ট্রপোমন্ডল

২৭. বিশ্বের তাপমাত্রা নিয়ন্ত্রণে কীসের ভূমিকা গুরুত্বপূর্ণ?

ⓚ মহাসমুদ্র ⓦ হাওর বাওড়
ⓖ নদীনালা ⓓ খাল-বিল

২৮. কার্বারির দায়িত্ব কী?

ⓚ মেজির শান্তিশৃঙ্খলা রক্ষা
ⓦ কিয়াং-এর শান্তিশৃঙ্খলা রক্ষা
ⓖ আদামের শান্তিশৃঙ্খলা রক্ষা
ⓓ পরিবারের শান্তিশৃঙ্খলা রক্ষা

২৯. আন্তর্জাতিক সংস্থা গড়ে ওঠার কারণ হলো—

i. বিশ্বের রাষ্ট্রসমূহের পারস্পরিক নির্ভরশীলতা
ii. বিশ্বের রাষ্ট্রসমূহের সমস্যার সমাধান
iii. শান্তিময় বিশ্ব প্রতিষ্ঠা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓦ ii ও iii
ⓖ i ও iii ⓓ i, ii ও iii

৩০. রাংসা বৌদ্ধ ধর্মের অনুসারী। তিনি মাঘী পূর্ণিমার রাতে কিয়াং প্রাঙ্গণে ফানুস উড়ান, তিনি কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত?

ⓚ গারো ⓦ চাকমা
ⓖ মাহালি ⓓ ঘুমি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓦ | ২ | ⓚ | ৩ | ⓦ | ৪ | ⓚ | ৫ | ⓖ | ৬ | ⓖ | ৭ | ⓖ | ৮ | ⓚ | ৯ | ⓚ | ১০ | ⓚ | ১১ | ⓚ | ১২ | ⓖ | ১৩ | ⓖ | ১৪ | ⓓ | ১৫ | ⓦ |
| ১৬ | ⓚ | ১৭ | ⓚ | ১৮ | ⓚ | ১৯ | ⓚ | ২০ | ⓓ | ২১ | ⓦ | ২২ | ⓓ | ২৩ | ⓖ | ২৪ | ⓓ | ২৫ | ⓓ | ২৬ | ⓓ | ২৭ | ⓚ | ২৮ | ⓖ | ২৯ | ⓦ | ৩০ | ⓦ |

https://teachingbd24.com